

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৬৩/২০২১

তারিখঃ ০৪/১১/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

কাস্টমস্ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, সরকারী কার্যভবন-২ (২য় তলা), আত্রাবাদ, চট্টগ্রাম এর স্মারক নং- ০৫/০৭(১৪৫)গোপ/গোওত/চট্ট/১৫/৩৩০০, তারিখঃ ০১/১১/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

  
মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস্ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর  
আঞ্চলিক কার্যালয়  
সরকারী কার্যভবন-২ (২য় তলা)  
আত্রাবাদ, চট্টগ্রাম।

নথি নং- নং-০৫/০৭(১৪৫)গোপ/গোওত/চট্ট/১৫/৩৩০০

তারিখঃ ০১/১১/২০২১খ্রিঃ

প্রেরকঃ অতিরিক্ত মহাপরিচালক

প্রাপকঃ সভাপতি/সাধারণ সম্পাদক  
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন  
সি এন্ড এফ টাওয়ার (১৪ তলা)  
১৭১২, শেখ মুজিব রোড,  
আত্রাবাদ বা/এ, চট্টগ্রাম, বাংলাদেশ-৪১০০।

বিষয়ঃ কায়িক পরীক্ষণের তারিখ পরিবর্তনের ক্ষেত্রে পুনঃ আবেদনপত্র দাখিল।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কাস্টমস্ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে পণ্যচালান লক করা হয়। লককৃত পণ্যচালানসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে আমদানিকারক মনোনীত সি এন্ড এফ এজেন্ট এর আবেদনের প্রেক্ষিতে নির্দিষ্ট তারিখে এ দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক কায়িক পরীক্ষা করা হয়। উক্ত কায়িক পরীক্ষার প্রতিবেদনের আলোকে পণ্যচালান বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হয়। তবে কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে সি এন্ড এফ এজেন্ট কর্তৃক দাখিলকৃত কায়িক পরীক্ষণের আবেদনে উল্লিখিত তারিখে পণ্যচালান কায়িক পরীক্ষা না করে তারিখ পরিবর্তন করা হচ্ছে যা এ দপ্তরের দ্রুততম সময়ের মধ্যে লককৃত পণ্যচালান নিষ্পত্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে।

০৩। এমতাবস্থায়, সি এন্ড এফ এজেন্ট কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত তারিখেই কায়িক পরীক্ষা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। তবে যৌক্তিক কোন কারণে নির্ধারিত তারিখে কায়িক পরীক্ষার লক্ষ্যে পণ্যচালান দেখাতে না পারলে যথাযথ কারণ উল্লেখপূর্বক নিজস্ব প্যাডে পুনরায় আবেদনের মাধ্যমে কায়িক পরীক্ষণের তারিখ অনুমোদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মোঃ শাকিল খন্দকার)

উপ-পরিচালক

অতিরিক্ত মহাপরিচালকের পক্ষে

ফোন নং-০৩১-৭২৩৫১৪

নথি নং- নং-০৫/০৭(১৪৫)গোপ/গোওত/চট্ট/১৫/৩৩০০

তারিখঃ ০১/১১/২০২১খ্রিঃ